*Registered No. DA-1.*

# The Bangladesh Gazette

*Extraordinary*

**Published by Authority**

**TUESDAY, APRIL 11, 1978**

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

**PRESIDENT'S SECRETARIAT**

**President's Division (Public)**

NOTIFICATION

**Dacca, the 11th April 1978.**

**No. S.R.O. 76-L/78.**—In exercise of the powers conferred by the proviso to Article 133 of the Constitution of the People's Republic of Bangladesh, the President, after consultation with the Bangladesh Public Service Commission as required by clause (2) of Article 140 of that Constitution, is pleased to make the following rules, namely :

1. **Short title.**—These rules may be called the Gazetted Officers (President's Division—Public) Recruitment Rules, 1978.

2. **Definitions.**—In these rules, unless there is anything repugnant in the subject or context,—

(*a*) "appointing authority" means the Government and includes any officer authorised by the Government to make appointment to a specified post;

(*b*) "Commission" means the Bangladesh Public Service Commission;

(*c*) "Grade" means a Grade mentioned in the Services (Grades, Pay and Allowances) Order, 1977;

(*d*) "post of personal confidence of the President" means the posts mentioned in Schedule II;

(*e*) "probationer" means a person appointed on probation to a specified post;

(*f*) "Schedule" means a Schedule annexed to these rules; and

(*g*) "specified post" means a post specified in Schedule I.



*Price: 75 Paisa.*

3. **Procedure for recruitment.**—Subject to the provisions of the Schedule, appointment to a specified post shall be made—

(*a*) by promotion; or

(*b*) by transfer on deputation.

4. **Appointment by promotion.**—(*1*) Subject to the provisions of sub-rule (*3*), appointment by promotion to a specified post shall be made in consultation with the Commission.

(*2*) The seniority in service shall not be the only criterion for promotion but merit on account of qualification, efficiency and conduct shall also be rated for consideration of comparative fitness of the candidates.

(*3*) Notwithstanding anything contained in sub-rules (*1*) and (*2*), appointment to the post of personal confidence of the President shall be made at the discretion of the President and such appointment shall remain in force during the pleasure of the President.

5. **Probation.**—(*1*) Persons selected for appointment by promotion to a specified post, other than the posts of personal confidence of the President, against a substantive vacancy shall be appointed on probation for a period of one year:

Provided that the appointing authority may, for reasons to be recorded in writing, extend the period of probation in the case of any person by a period or periods so that the extended period does not exceed one year in the aggregate.

(*2*) After the completion of the period of probation including the extended period, if any, the appointing authority,—

(*a*) if it is satisfied that the conduct and work of the probationer during his period of probation has been satisfactory, shall confirm him; and

(*b*) if it is of opinion that the conduct and work of the probationer during that period was not satisfactory, may revert him to the post from which he was promoted.

## SCHEDULE I

| Sl. No. | Name of the specified post. | Method of recruitment. |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| 1 | Section Officer .... | (*i*) By promotion from amongst the persons holding any of the posts or combination of posts mentioned below with at least 5 years' experience—<br>(*a*) Registrar (Class II, Grade XI);<br>(*b*) Assistant Administrative Officer (Class II, Grade XI); |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | (c) Accountant (Class II, Grade XIV);<br>(d) Head Assistant (Class II, Grade XIII);<br>(e) Head Assistant (Class III, Grade XIII);<br>(f) Section Assistant (Class III, Grade XIV);<br>(g) Nazir (Class III, Grade XV);<br>(h) Stenographer [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV];<br>(i) Upper Division Assistant (Class III, Grade XIV).<br>(ii) If none is found suitable for promotion, by transfer on deputation from other Government offices. |
| 2 | Administrative Officer .. | Ditto. |
| 3 | Assistant Secretary to the President. | Ditto. |
| 4 | Private Secretary to the Secretary (Class I, Grade X). | (i) By promotion from amongst the persons holding any of the posts or combination of posts mentioned below with at least 5 years' experience—<br>(a) Private Secretary to the Secretary (Class II, Grade XI);<br>(b) Personal Assistant to the President [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV];<br>(c) Personal Assistant to the Secretary [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV];<br>(d) Personal Assistant to the Joint Secretary [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV];<br>(e) Stenographer [Class III, Grade X'I (P.S.C. qualified) and Grade XIV].<br>(ii) If none is found suitable for promotion, by transfer on deputation from other Government offices. |
| 5 | Assistant Private Secretary to the President. | Ditto. |
| 6 | Personal Assistant to the President (Class I, Grade X). | Ditto. |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 7 | Private Secretary to the Secretary to the President (Class II, Grade XI). | (*i*) By promotion from amongst the persons holding any of the posts or combination of posts mentioned below with at least 5 years' experience—<br>(*a*) Personal Assistant to the President [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV];<br>(*b*) Personal Assistant to the Secretary [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV];<br>(*c*) Personal Assistant to the Joint Secretary [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV];<br>(*d*) Stenographer [Class III, Grade XII (P.S.C. qualified) and Grade XIV].<br>(*ii*) If none is found suitable for promotion, by transfer on deputation from other Government offices. |
| 8 | Registrar (Class II, Grade XI). | (*i*) By promotion from amongst the persons holding any of the posts or combination of posts mentioned below with at least 5 years' experience—<br>(*a*) Head Assistant (Class III, Grade XIII);<br>(*b*) Section Assistant (Class III, Grade XIV);<br>(*c*) Nazir (Class III, Grade XV);<br>(*d*) Upper Division Assistant (Class III, Grade XIV).<br>(*ii*) If none is found suitable for promotion, by transter on deputation from other Government offices. |
| 9 | Assistant Administrative Officer (Class II, Grade XI). | Ditto. |
| 10 | Head Assistant (Class II, Grade XIII). | Ditto. |
| 11 | Accountant (Class II, Grade XIV). | Ditto. |

SCHEDULE II

The list of posts of personal confidence of the President.

1. Assistant Private Secretary to the President; and

2. Personal Assistant to the President (Class I, Grade X).

By order of the President
A.H.F.K. SADIQUE
*Secretary.*

---

তথ্য ও বেতার মন্ত্রণালয়

ঢাকা, ১১ই এপ্রিল, ১৯৭৮।

নং এস, আর, ও, ৭৭-এল/৭৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের অনুবিধিতে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ অনুচ্ছেদের (২) দফার বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত আলোচনাক্রমে, নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা—

১। **শিরোনামা**—এই বিধিমালা ১৯৭৭ সালের গেজেটেড অফিসার্স (গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ) নিয়োগ বিধিমালা নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞাসমূহ**—বিষয়বস্তু বা প্রসংগ বিশেষে ভিন্নতর কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" বলিতে সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে।

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে।

(গ) "নির্ধারিত পদ" বলিতে তফসিল নির্ধারিত পদকে বুঝাইবে।

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার এবং ক্ষেত্র বিশেষে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত কোন অফিসারকে বুঝাইবে।

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে নির্ধারিত পদ বিশেষের বেলায় সেই পদের জন্য তফসিলে বর্ণিত যোগ্যতাকে বুঝাইবে।

(চ) "শিক্ষানবীশ" বলিতে কোন পদে শিক্ষানবীশ হিসাবে নিয়োগকৃত ব্যক্তিকে বুঝাইবে।

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ প্রচলিত কোন আইনবলে বা উহার অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং সরকার কর্তৃক এই বিধিমালার উদ্দেশ্যে কমিশনের সহিত আলোচনাক্রমে স্বীকৃত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় ও "স্বীকৃত বিশ্ববিদ্যালয়"-এর সংজ্ঞায় অনুর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**—(১) তফসিলের বিধানসমূহ এবং সংবিধানের ২৯ অনুচ্ছেদের (৩) দফার উদ্দেশ্যে সংরক্ষণ সম্পর্কে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশাবলী সাপেক্ষে, নির্ধারিত পদসমূহে পদোন্নতির মাধ্যমে ও সরাসরি নিয়োগ করা হইবে।

(২) কোন ব্যক্তিকেই কোন নির্ধারিত পদে নিয়োগ করা হইবে না, যদি না সেই ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের বেলায়, তিনি সেই পদের জন্য তফসিলে নির্ধারিত বয়ঃসীমার, যদি কিছু থাকে, মধ্যে থাকেন।

৪। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**—(১) নির্ধারিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে কমিশনের সহিত আলোচনাক্রমে।

(২) অধিকার হিসাবে পদোন্নতির দাবী করা যাইবেনা, এবং কোন ব্যক্তি অসন্তোষজনক চাকুরীর রেকর্ডের দরুণ কোন পদে স্থায়ী (কনফার্মড) না হইয়া থাকিলে অথবা সেই পদে স্থায়ী (কনফার্মড) হওয়ার জন্য কোন শর্ত পূরণে তাঁহার ব্যর্থতার দরুণ তিনি স্থায়ী (কনফার্মড) না হইয়া থাকিলে তিনি পদোন্নতির মাধ্যমে কোন নির্ধারিত পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৫। **সরাসরি নিয়োগ**—(১) কমিশনের সুপারিশ ব্যতীত কোন নির্ধারিত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা হইবে না।

(২) কোন ব্যক্তিই কোন নির্ধারিত পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন;

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা তাঁহাকে বিবাহ করিবার জন্য তাঁহার সহিত চুক্তিবদ্ধ হইয়া থাকেন।

(৩) কোন নির্ধারিত পদে কোন ব্যক্তিকে ততক্ষণ পর্যন্ত সরাসরিভাবে নিয়োগ করা হইবে না যতক্ষণ পর্যন্ত—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক এই মর্মে সার্টিফিকেট দেওয়া হয় যে, সেই ব্যক্তি অনুরূপ নিয়োগের জন্য স্বাস্থ্যগতদিক হইতে উপযুক্ত এবং তিনি এমন কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি করিতে পারে;

(খ) তাঁহার পূর্বসূত্র (antecedents) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তদন্ত করা হইয়া থাকে এবং উহা এইরূপ বলিয়া প্রতিপন্ন হয় যে, উক্ত পূর্বসূত্রের দরুণ তিনি সরকারী চাকুরীতে নিয়োগের অযোগ্য নহেন।

(৪) কোন ব্যক্তিকেই কোন নির্ধারিত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি না—

(ক) তিনি উক্ত পদের জন্য দরখাস্ত আহবানকালীন কমিশন কর্তৃক যে ফরম, ফিস ও তারিখ নির্ধারণ করা হইয়াছিল সেই ফরমে ফিসসহ নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করিয়া থাকেন; এবং

(খ) সরকারী চাকুরীতে অথবা কোন সরকারী সংস্থা বা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত ব্যক্তির বেলায়, তিনি সংশ্লিষ্ট উর্ধতন অফিসারের মাধ্যমে আবেদন করিয়া থাকেন।

৬। **শিক্ষানবিশী**—(১) নির্ধারিত পদগুলিতে স্থায়ীভাবে নিয়োগকৃত প্রত্যেক ব্যক্তিকে নিম্নোক্তভাবে শিক্ষানবিশী করিতে হইবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে দুই বৎসর কাল, এবং

(খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে এক বৎসর কালঃ তবে শর্ত থাকে যে, লিখিতভাবে উপযুক্ত যৌক্তিকতা প্রদর্শন করিয়া নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত মেয়াদ অনূর্ধ্ব দুই বৎসর কাল পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

(২) শিক্ষানবিশের শিক্ষানবিশীকাল সমাপ্তির পর যদি কর্তৃপক্ষ সন্তুষ্ট হন যে, উক্ত শিক্ষানবিশীকালে শিক্ষানবিশের কার্য ও আচরণ সন্তোষজনক ছিল তাহা হইলে তাঁহাকে শিক্ষানবিশীকাল সমাপ্তির পরের দিবস হইতে স্থায়ীভাবে উক্ত পদে বহাল করা হইবে; অন্যথায়—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান করা হইবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে ফেরত দেওয়া হইবে।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আজহার আলী**

সচিব,

তথ্য ও বেতার মন্ত্রণালয়, ঢাকা।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের বেলায় বয়ঃসীমা | সরাসরি নিয়োগের বেলায় যোগ্যতা | পদোন্নতির বেলায় যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | পরিচালক | অন্যূন ৩৫ বৎসর এবং অধিক ৪৫ বৎসর। সুপ্রতিষ্ঠিত সাংবাদিক, লেখক, বুদ্ধিজীবী কিংবা তথ্য ও বেতার বিষয়ক কর্মে যথেষ্ট অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর মাষ্টার ডিগ্রীসহ গবেষণা ও তথ্য সংরক্ষণ বা তথ্য ও বেতার বিষয়ক বা সাংবাদিকতা বা সাহিত্য চর্চায় ন্যূনপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতা। প্রথম শ্রেণীর মাষ্টার ডিগ্রী কিংবা ডক্টরেট ডিগ্রী ও প্রশাসনিক অভিজ্ঞতা বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। | উপ-পরিচালক হিসাবে অভিজ্ঞতা। | উপ-পরিচালক হইতে পদোন্নতির মাধ্যমে অথবা যথাযোগ্য শিক্ষাগত যোগ্যতা, পদ জ্যেষ্ঠতা ও পদমর্যাদাভুক্ত বিভাগীয় বা বহির্রাগত সরকারী, বে-সরকারী বিভাগের প্রতিষ্ঠানের যোগ্য প্রার্থীদের মধ্য হইতে সুপিরিয়র বাছাই কমিটির মাধ্যমে ডেপুটেশনে নিযুক্তির দ্বারা অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে। |
| ২। | উপ-পরিচালক। | অন্যূন ৩০ বৎসর এবং অনধিক ৪০ বৎসর। প্রতিষ্ঠিত সাংবাদিক, লেখক, বুদ্ধিজীবী বা তথ্য ও বেতার বিষয়ক কর্মে যথেষ্ট অভিজ্ঞতাসম্পন্ন কিংবা বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর মাষ্টার ডিগ্রীসহ গবেষণা বা তথ্য সংরক্ষণ বা তথ্য ও বেতার বিষয়ক কার্যে ন্যূনপক্ষে ৭ বৎসরের অভিজ্ঞতা। প্রথম শ্রেণীর মাষ্টার ডিগ্রী বা ডক্টরেট ডিগ্রী বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। | সহকারী পরিচালক বা গবেষণা অফিসার হিসাবে ৭ বৎসরের অভিজ্ঞতা। | ৬৬⅔% সহকারী পরিচালক বা গবেষণা অফিসার হইতে পদোন্নতির মাধ্যমে;<br>অথবা<br>যথাযোগ্য পদ ও মর্যাদাভুক্ত অফিসারদের মধ্য হইতে ডেপুটেশনে নিযুক্তির দ্বারা;<br>এবং<br>৩৩⅓% সরাসরি নিয়োগের মাধ্যমে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। সহকারী পরিচালক।<br>৪। গবেষণা অফিসার। | অন্যূন ২৫ বৎসর এবং অনধিক ৩৫ বৎসর। প্রতিষ্ঠিত সাংবাদিক, লেখক, বুদ্ধিজীবী এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর মাষ্টার ডিগ্রীসহ গবেষণা ও তথ্য সংরক্ষণ বা তথ্য ও বেতার বিষয়ক কর্মে ন্যূনপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা। প্রথম শ্রেণীর মাষ্টার ডিগ্রী কিংবা অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার ডিগ্রী বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। | গবেষণা সহকারী হিসাবে ৫ বৎসরের অভিজ্ঞতা। | সহকারী পরিচালক ও গবেষণা অফিসার এই পদ দুইটি সম মর্যাদাভুক্ত ও পারস্পরিক পরিবর্তনযোগ্য। উভয় পদের যুক্ত সিনিয়রিটি তালিকা থাকিবে।<br>(১) ৩৩⅓ %পদ এই বিভাগের কর্মরত গবেষণা সহকারী হইতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে।<br>শর্ত থাকে যে, পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগ করা হইবে।<br>(২) ৬৬⅔% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা হইবে। |
| ৫। গবেষণা সহকারী। | অনধিক ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর গ্র্যাজুয়েট। প্রথম বা দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রী বা মাষ্টার ডিগ্রী বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। ন্যূনপক্ষে এই বিভাগে কর্মরত ১ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে গ্র্যাজুয়েট। গবেষণা বা তথ্য সংরক্ষণ বা সাংবাদিকতায় অভিজ্ঞতা বাঞ্ছনীয়। | এই বিভাগে কর্মরত ৭ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর গ্র্যাজুয়েট বা দ্বিতীয় শ্রেণীর মাষ্টার ডিগ্রীধারীদের ৫ বৎসরের অভিজ্ঞতা। | (১) ২০ % পদ পদোন্নতির মাধ্যমে।<br>(২) ৮০ % পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। |

Printed by the Officer-in-charge, Bangladesh Government Press, Dacca.
Published by the Assistant Controller-in-charge, Bangladesh Forms & Publications Office, Dacca